

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
 বাজেট শাখা-৪
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১২.২৭.০১২.১৯.৫৪

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৯

২০ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত কর্মশালার নির্দেশনা অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৯-০২-২০২৩ তারিখে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের এপিএ টিম লিডার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সমন্বয়ে মন্ত্রিপরিষদ বিভাগে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় আগামী ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করা হয়েছে:

- মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল শূন্যপদ পূরণে উদ্যোগ গ্রহন করতে হবে।
- আওতাধীন দপ্তর/সংস্থার প্রধান/ফোকাসড কার্যক্রমসমূহ মন্ত্রণালয়/বিভাগের এপিএতে অন্তর্ভুক্ত করতে হবে।
- আগামী ২০২৩-২৪ অর্থ বছর হতে এপিএ'র গুনগত মানের বিষয়ে পৃথক নম্বর প্রদান করা হবে।
- আগামী ২০২৩-২৪ অর্থ বছরের এপিএতে সরকারের কোনো পরিকল্পনা/মন্ত্রণালয়ের নিজস্ব পরিকল্পনা/মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা/মন্ত্রিসভার সিদ্ধান্ত/প্রকল্প/ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার সাথে সংযোগ স্থাপন ছাড়া কোন কার্যক্রম গ্রহন করা যাবে না।
- প্রতিটি কার্যক্রমের সাথে বাজেট বরাদ্দ 'ম্যাচ' করাতে হবে।

বর্ণিতাবস্থায়, আগামী ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অবহিত করা হলো।



২০-২-২০২৩

মোঃ মাহবুবুর রহমান

উপসচিব

ফ্যাক্স: ০২-৫৫১০০৪৬৫

বিতরণ :

- ১) অতিরিক্ত সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ২) দপ্তর/সংস্থা প্রধান (সকল)
- ৩) যুগ্মসচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ৪) উপসচিব (সকল) , গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সহকারি সচিব (সকল, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১২.২৭.০১২.১৯.৫৪/১(৩)

তারিখ: ৭ ফাগুন ১৪২৯

২০ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ২) উপসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (বাস্তবায়ন পরিবীক্ষণ-১) অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) অফিস কপি/মাস্টার ফাইল।



২০-২-২০২৩

মোঃ মাহবুবুর রহমান

উপসচিব